FBCCI
THE FEDERATION OF BANGLADESH CHAMBERS OF COMMERCE & INDUSTRY

THE FEDERATION OF BANGLADESH
CHAMBERS OF COMMERCE & INDUSTRY

১৯ জুলাই, ২০২৬
এফবিসিসিআই/টিএফ/২০২৬/১২৫১

**সভাপতি/চেয়ারম্যান**
এফবিসিসিআই অধিভূক্ত সকল চেম্বার ও এসোসিয়েশন।

বিষয় ঃ **দেশের উচ্চ সম্ভাবনাময় রপ্তানিমুখী শিল্প খাতসমূহকে তৈরী পোশাক শিল্পের ন্যায় কাস্টমস বন্ড সুবিধা প্রদানের লক্ষ্যে রপ্তানি সংক্রান্ত গবেষণা সেল গঠন।**

সূত্র ঃ বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং-২৬.০০.০০০০.১৫৬.১৬.০০১.২১.৬৪, তাং-১৩ জুলাই, ২০২৬।

মহোদয়,

এফবিসিসিআই হতে শুভেচ্ছা।

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, দেশের ১৪টি উচ্চ সম্ভাবনাময় রপ্তানি খাতের বিকাশ এবং তৈরী পোশাক শিল্পের ন্যায় সুযোগ-সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে প্রতিটি ব্যবসায়ী সংগঠনে বাধ্যতামূলকভাবে একটি রপ্তানি সংক্রান্ত গবেষণা সেল গঠনের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয় হতে এফবিসিসিআই বরাবরে প্রেরিত পত্র আপনার সদয় অবগতির জন্য এসঙ্গে প্রেরণ করা হলো। প্রতিটি ব্যবসায়ী সংগঠনে রপ্তানী সংক্রান্ত গবেষণা সেল গঠনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: বাণিজ্য মন্ত্রণালয়কে অবহিত করার জন্য এফবিসিসিআইকে অনুরোধ করা হয়েছে।

উল্লিখিত প্রেক্ষাপটে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক আপনার চেম্বার/এসোসিয়েশনে রপ্তানি সংক্রান্ত গবেষণা সেল গঠন করার জন্য অনুরোধ করা হলো। সেসাথে উক্ত সেলের একজন ফোকাল পয়েন্ট নির্ধারণপূর্বক তাঁর সাথে যোগাযোগের ঠিকানা (ঠিকানা, মোবাইল ফোন নম্বর, ইমেইল) এফবিসিসিআইতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, এফবিসিসিআইতে ইতোমধ্যে **"এফবিসিসিআই রপ্তানি সংক্রান্ত গবেষণা সেল"** গঠন করা হয়েছে। এ গবেষণা সেলের পক্ষ থেকে আপনার চেম্বার/এসোসিয়েশনের রপ্তানী সংক্রান্ত গবেষণা সেলের সাথে যোগাযোগ করা হবে। বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনার জন্য অনুরোধ করা হলো।

১৯/০৭/২০২৬ ইং
মোঃ আলমগীর
মহাসচিব

<u>সদয় অবগতির জন্য অনুলিপি ঃ</u>
সিনিয়র সহকারি সচিব, বাণিজ্য সংগঠন-১ শাখা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ এফবিসিসিআই রপ্তানি সংক্রান্ত গবেষণা সেল

FBCCI ICON
60 Motijheel C/A
Dhaka-1000, Bangladesh

Phone : +88-02-41054936, 41054937
PABX : +88-02-41054938, 41054939-40
Fax : +88-02-41054941

E-mail : secretariat@fbcci.org
web : fbcci.org

CamScanner